

বধির শিক্ষার্থীর অধিকারের সনদ

শিক্ষা বিভাগ কিভাবে অধিকারের সনদ বাস্তবায়নে সহায়তা করবে?

বধির শিক্ষার্থীর অধিকারের বিল বাস্তবায়নের জন্য, সেইসাথে বধিরদের জন্য শিক্ষার সকল স্তরে, স্কুল ডিস্ট্রিক্টগুলোকে প্রযুক্তিগত সহায়তা ও পেশাগত উন্নয়ন প্রদানের মাধ্যমে।

কোঅর্ডিনেটর অব ডেফ এডুকেশন

নতুন কর্মসূচি উন্নয়ন অথবা বিদ্যমান কর্মসূচির উন্নতি, বধির শিক্ষার্থীর অধিকারের সনদ, শিশুদের স্টাডি টিম, ও মূল্যায়ন সম্পর্কিত প্রযুক্তিগত সহায়তা।

dhh.education@doe.nj.gov

বধির বা কানে কম শোনা শিক্ষার্থীদের জন্য
এডুকেশনাল কনসাল্টেন্ট

dhh.education@doe.nj.gov

শিক্ষার্থীদের স্তরে প্রযুক্তিগত সহায়তা, যেমন শ্রেণিকক্ষে পর্যালোচনা, পরিষেবা কর্মী, এবং সুযোগ-সুবিধা সম্পর্কিত নির্দেশনা।

“এই আইনে থাকা কোনো কিছু “অক্ষম ব্যক্তিদের জন্য শিক্ষা আইন”, 20 U.S.C. s. 1400 et seq. এর অধীনে, অথবা ফেডারেল “1973 সালের পুনর্বাসন আইন,” 29 U.S.C. s.794 এর সেকশন 504 এর অধীনে, অথবা অন্য কোনো ফেডারেল আইনের অধীনে প্রযোজ্য অধিকার বা সুরক্ষাসমূহের চেয়ে বৃহত্তর কোনো অধিকার বা সুরক্ষা প্রদান করবে না।”

নিউ জার্সি
বধির শিক্ষার্থীর অধিকারের সনদ
P.L. 2019, অধ্যায় 204
5 আগস্ট, 2019 তারিখে স্বাক্ষরিত



বধির শিক্ষার্থীর অধিকারের সনদ হলো স্কুল ডিস্ট্রিক্টগুলো যাতে বধির, কানে কম শোনা, অথবা বধির-অন্ধ এবং বিভিন্ন ধরনের যোগাযোগের মাধ্যম ব্যবহারকারী শিক্ষার্থীদের অনন্য চাহিদাসমূহ পূরণ করে তা নিশ্চিত করার দায়িত্ব সংক্রান্ত একটি বিবৃতি।



চিত্রকর্মটির শিল্পী হলেন জর্জ ভ্যালহোস, বধিরদের জন্য ম্যারি এইচ.
ক্যাটয়েনবাথ স্কুলে অধ্যয়নরত একজন শিক্ষার্থী

বধির শিক্ষার্থীদের অধিকারের সনদ স্কুল ডিস্ট্রিক্টগুলোকে
নিম্নলিখিত বিষয়গুলো প্রদানের নির্দেশনা দিয়েছে:

- a. সম্ভাব্য সবচেয়ে কম বয়সে শ্রবণ ও দৃষ্টিশক্তির সক্ষমতা এবং যোগাযোগ ও ভাষাগত চাহিদার যথাযথ স্ক্রিনিং ও মূল্যায়নে অ্যাক্সেস প্রদান করা এবং শিক্ষার অভিজ্ঞতার পুরো সময়জুড়ে স্ক্রিনিং ও মূল্যায়ন অব্যাহত রাখা;
- b. সম্ভাব্য সবচেয়ে কম বয়সে ভাষার দৃঢ় ভিত্তি গড়ে তোলায় সহায়তা করতে স্বতন্ত্র ও যথাযথ আর্লি ইন্টারভেনশনের অ্যাক্সেস প্রদান করা;
- c. শিক্ষার্থীদের পরিবারের জন্য প্লেসমেন্টের সকল বিবেচনা এবং লভ্য শিক্ষা সংক্রান্ত বিকল্পসমূহ, যেমন বধিরদের জন্য ম্যারি এইচ. ক্যাটয়েনবাথ স্কুল, এবং বধির, শ্রবণ প্রতিবন্ধী, অথবা বধির-অন্ধ শিশুদের জন্য লভ্য বিকল্পসমূহ সম্পর্কিত তথ্য এবং বাবা-মা ও অভিভাবকদের তাদের সন্তানের শিক্ষা পরিকল্পনা উন্নয়ন ও বাস্তবায়নে পুরোপুরিভাবে অংশগ্রহণ করার সুযোগ প্রদান করা;
- d. বধির, শ্রবণ প্রতিবন্ধী, অথবা বধির-অন্ধ প্রাপ্তবয়স্ক রোল মডেল এবং যারা নিজে-সমর্থন করা সহ সমর্থনের দক্ষতাসমূহ শিখতে বিভিন্ন ধরনের যোগাযোগের মাধ্যম কাজে লাগিয়েছেন, তাদের সাথে সাক্ষাত করা ও সম্পর্ক তৈরি করার সুযোগ প্রদানে সচেষ্ট হওয়া;
- e. স্কুলের পরিবেশে এবং স্কুলের পৃষ্ঠপোষকতায় আয়োজিত ক্রিয়াকলাপে তাদের সমবয়সীদের সাথে সাক্ষাত করার ও সম্পর্ক তৈরি করার সুযোগ প্রদান করা;
- f. সরাসরি নির্দেশনা;

- g. শিক্ষার্থীর স্বতন্ত্র শিক্ষা কর্মসূচির ও 504 প্ল্যানের মধ্যে একটি যোগাযোগ পরিকল্পনা অন্তর্ভুক্ত করা;
- h. শিশুর বয়স, শ্রবণশক্তি কমে যাওয়ার মাত্রা ও ধরন, একাডেমিক স্তর, যোগাযোগের মাধ্যম, শিক্ষার ধরন, উৎসাহের মাত্রা, ও পারিবারিক সহায়তার পরিমাণ বিবেচনায় নিয়ে, সামাজিক, মানসিক, যোগাযোগ সংক্রান্ত, ও সাংস্কৃতিক প্রভৃতি চাহিদা সহ শিক্ষার্থীর ব্যক্তিগত চাহিদার জন্যে সবচেয়ে উপযুক্ত একটি প্লেসমেন্ট প্রদান করা;
- i. আইন অনুযায়ী আবশ্যিক প্লেসমেন্ট বিকল্পগুলোর ধারাবাহিকতা জুড়ে বিনামূল্যে, যথাযথ শিক্ষার জন্য স্বতন্ত্র বিবেচনা প্রদান করা;
- j. তাদের শিক্ষার পরিবেশে যোগ্য ও সনদপ্রাপ্ত পেশাজীবীদের দ্বারা প্রদানকৃত সম্পূর্ণ সহায়তামূলক পরিষেবা প্রদান করা। শিক্ষা বিভাগকে অবশ্যই বধির, শ্রবণ প্রতিবন্ধী, অথবা বধির-অন্ধ শিশুদের চাহিদা পূরণে শিক্ষা বোর্ডগুলোকে সহায়তা করার জন্য প্রযুক্তিগত সহায়তা লভ্য থাকার বিষয়টি নিশ্চিত করতে শিক্ষামূলক কর্মসূচিসমূহের সমন্বয়কারীর মাধ্যমে স্কুল ডিস্ট্রিক্টগুলোর সাথে কাজ করতে হবে। এই সাবসেকশনে যেভাবে ব্যবহৃত হয়েছে, “প্রযুক্তিগত সহায়তা” বলতে কোনো স্কুল ডিস্ট্রিক্টকে স্টেট ও ফেডারেল পর্যায়ের নীতিমালা ও নিয়ন্ত্রক শর্তসমূহ পূরণ করার জন্য এবং পুঙ্খানুপুঙ্খ ও কার্যকর শিক্ষা প্রদান নিশ্চিত করার জন্য সক্ষম করে তুলতে উক্ত স্কুল ডিস্ট্রিক্টকে প্রদান করা নির্দেশনা ও সহায়তাকে বোঝায়;

- k. তাদের শিক্ষার পরিবেশের সব কর্মসূচির সাথে যোগাযোগের সম্পূর্ণ অ্যাক্সেস প্রদান করা, যার মধ্যে রয়েছে পাঠক্রম বহির্ভূত কার্যক্রম, বিরতি, দুপুরের খাবার, মিডিয়া দেখানো, ড্রাইভার এডুকেশন, ও পাবলিক অ্যানাউন্সমেন্ট;
- l. বধির, শ্রবণ প্রতিবন্ধী, অথবা বধির-অন্ধ ব্যক্তিদের মেডিকেল, নৈতিকতা সংক্রান্ত, সাংস্কৃতিক, ও ভাষাগত সমস্যা সম্পর্কে যথাযথ যোগ্যতাসম্পন্ন ও সনদপ্রাপ্ত পেশাজীবীদের কাছ থেকে পরিবারগুলোকে তথ্য প্রদান করা; এবং
- m. শিক্ষার্থীর যোগাযোগের প্রধান মাধ্যম, যেমন আমেরিকান সাইন ল্যাংগুয়েজ, সাবলীলভাবে ব্যবহারে সক্ষম এমন যোগ্য ও সনদপ্রাপ্ত সেবা প্রদানকারীদের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সেবা ও সহায়তামূলক পরিষেবায় অ্যাক্সেস প্রদান করা।